গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কারা অধিদপ্তর**

৩০/৩, উমেশ দত্ত রোড,

বকশীবাজার, ঢাকা-১২১১

www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৪.০০০০.০০৭.০১.০০২.২৬. ৫৫

তারিখঃ ১০ আষাঢ় ১৪৩৩
২৪ জুলাই ২০২৬

**বিষয়: বন্যা-পরবর্তী সময়ে কারাগারে জনস্বাস্থ্য ও সংক্রামক রোগ প্রতিরোধে জরুরি স্বাস্থ্যব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক বন্যার কারণে বিভিন্ন এলাকায় পানি দূষণ, স্যানিটেশন ব্যবস্থা বিঘ্নিত হওয়া, মশা ও অন্যান্য রোগবাহী বাহকের বংশবিস্তার বৃদ্ধি এবং পানিবাহিত ও সংক্রামক রোগের ঝুঁকি বেড়েছে। কারাগারে অবস্থানরত বন্দি, কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অবিলম্বে বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নির্দেশনাসমূহ:**

১। প্রতিটি কারাগারে নিরাপদ বিশুদ্ধ খাবার পানি সরবরাহ নিশ্চিত করতে হবে।

২। সকল পানির উৎস, রিজার্ভার, ওভারহেড ট্যাংক ও সংরক্ষণ পাত্র নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হবে।

৩। রান্নাঘর, খাদ্য সংরক্ষণাগার, ডাইনিং এলাকা, হাসপাতাল, টয়লেট ও গোসলখানা প্রতিদিন পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখতে হবে। এইক্ষেত্রে জীবানুনাশক হিসেবে ব্লিচিং পাউডার এবং পানি ১:১০ অনুপাতে মিশিয়ে ব্যবহার করা যেতে পারে।

৪। কারাগারের ড্রেনেজ ব্যবস্থা সচল রাখতে হবে এবং কোথাও পানি জমে থাকলে তা দ্রুত অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। মশা, মাছি ও অন্যান্য রোগবাহী বাহক নিয়ন্ত্রণে নিয়মিত ফগিং, লার্ভিসাইড ব্যবহার এবং পরিচ্ছন্নতা অভিযান সহ অন্যান্য ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৬। সকল বন্দির মধ্যে ডায়রিয়া, আমাশয়, জ্বর, চর্মরোগ, শ্বাসতন্ত্রের সংক্রমণ, চোখ ওঠা (কনজাংকটিভাইটিস), লেপ্টোস্পাইরোসিস, ডেঙ্গু, ম্যালেরিয়া এবং সাপের কামড়সহ বন্যা-পরবর্তী সম্ভাব্য রোগের লক্ষণ সম্পর্কে দৈনিক স্বাস্থ্য পর্যবেক্ষণ করতে হবে।

৭। কারা হাসপাতালে পর্যাপ্ত পরিমাণে ওআরএস, প্রয়োজনীয় ঔষধ, ইনট্রাভেনাস ফ্লুইড, অ্যান্টিবায়োটিক (প্রযোজ্য ক্ষেত্রে), জ্বরের ঔষধ, জীবাণুনাশক, সাপের কামড় ব্যবস্থাপনার জরুরি সামগ্রী এবং অন্যান্য প্রয়োজনীয় চিকিৎসা উপকরণ মজুদ রাখতে হবে।

৮। ডায়রিয়া বা সংক্রামক রোগে আক্রান্ত বন্দিকে দ্রুত শনাক্ত করে প্রয়োজন অনুযায়ী পৃথক পর্যবেক্ষণ ও চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং গুরুতর রোগীকে নিকটস্থ সরকারি হাসপাতালে দ্রুত রেফার করতে হবে।

৯। প্রতিটি কারাগারে হাত ধোয়ার জন্য পর্যাপ্ত সাবান, নিরাপদ পানি এবং স্বাস্থ্যসম্মত হাত ধোয়ার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

১০। খাদ্য প্রস্তুতকারী, পরিবেশনকারী এবং সংশ্লিষ্ট কর্মীদের ব্যক্তিগত স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।

১১। কারাগারের ভেতরে জমে থাকা বর্জ্য, মৃত প্রাণী অথবা দূষিত সামগ্রী দ্রুত অপসারণ ও নিরাপদভাবে নিষ্পত্তি করতে হবে।

১২। প্রয়োজনে সিভিল সার্জন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং সংশ্লিষ্ট প্রশাসনের সঙ্গে সমন্বয় করে জনস্বাস্থ্য কার্যক্রম পরিচালনা করতে হবে।

১৩। কারাগারের সকল কর্মকর্তা, কর্মচারী ও বন্দিদের ব্যক্তিগত পরিচ্ছন্নতা, নিরাপদ পানি ব্যবহার, স্যানিটেশন এবং রোগ প্রতিরোধ বিষয়ক স্বাস্থ্যশিক্ষা প্রদান করতে হবে। কর্মকর্তা/কর্মচারীদের পরিবারের সদস্যদের মধ্যে সচেতনতা তৈরি করতে হবে।

১৪। কারাগারে সাপ, বিষাক্ত প্রাণী অথবা অন্যান্য বন্যা-পরবর্তী ঝুঁকি মোকাবিলায় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজনীয় জরুরি চিকিৎসা প্রস্তুত রাখতে হবে।

১৫। কোনো কারাগারে ডায়রিয়া, খাদ্যে বিষক্রিয়া, ডেঙ্গু, ম্যালেরিয়া, লেপ্টোস্পাইরোসিস, হেপাটাইটিস-এ/ই অথবা অন্য কোনো সংক্রামক রোগের প্রাদুর্ভাব দেখা দিলে তাৎক্ষণিকভাবে কারা অধিদপ্তরকে অবহিত করতে হবে এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে দৈনিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।

১৬। বন্যা-পরবর্তী স্বাস্থ্য পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক না হওয়া পর্যন্ত উপরোক্ত কার্যক্রম সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

১৫/৭/২১

মোহাম্মদ আখতার হাসিব দেওয়ান
লেঃ কর্নেল
কারা উপ-মহাপরিদর্শক (স্বাস্থ্য)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০৪০০ (দপ্তর)
dighq1@prison.gov.bd

**বিতরণ কার্যার্থে:**

কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
কারা উপ-মহাপরিদর্শক সকল বিভাগ, সকল সদর দপ্তর।
সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সহকারি কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২। জেল সুপার, প্রিজন্স হসপিটালাইজড ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টিলিজেন্স ইউনিট/আইসিটি সেল (**ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**), কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক কারা অধিদপ্তর, ঢাকা। (সকল) মহোদয়গণের সদয় অবগতির জন্য।
৫। দপ্তর কপি।